# Ordinance, 1982
# &
# স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩
# (খসড়া)

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| An Ordinance to regulate medical practice and functioning of private clinics and laboratories.<br>WHEREAS it is expedient to regulate medical practice and functioning of private clinics and laboratories;<br>NOW, THEREFORE, in pursuance of the Proclamation of the 24th March, 1982, and in exercise of all powers enabling him in that behalf, the Chief Martial Law Administrator is pleased to make and promulgate the following Ordinance | যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তপসিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় এবং সিভিল আপীল নং ৪৮/২০১১ তে সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়।<br>যেহেতু স্বাস্থ্য সেবায় নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান ও স্বাস্থ্য সেবা গ্রহীতার সুরক্ষা প্রদান এবং প্রতিষ্ঠানসমূহের দায়বদ্ধতা নিশ্চিত করিবার লক্ষ্যে একটি যুগোপযোগী আইন প্রণয়ন অত্যাবশ্যকীয়; | In 1982, ordinance the preamble part only defines only effects of the ordinance however, in 2023 Draft version, it mentions both cause and effect of the ordinance. |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| **Short title**<br>1. This Ordinance may be called the Medical Practice and Private Clinics and Laboratories (Regulation) Ordinance, 1982.<br>Definitions | যেহেতু দেশে নিরাপদ ও মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করিবার লক্ষ্যে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহ যথাযথ পরিচালনা ও নিয়ন্ত্রণে 'The Medical Practice and Private Clinics and Laboratories (Regulation) Ordinance, 1982' রহিতক্রমে একটি নূতন যুগোপযোগী আইন প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;<br><br>**১।<u>সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন</u>**<br><br>(১) এই আইন 'স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩' নামে অভিহিত হইবে;<br>এবং (২) ইহা অবিলম্বে কার্যকর হইবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| 2. In this Ordinance, unless there is anything repugnant in the subject or context,-<br>(a) "Director-General" means the Director-General of Health Services, Government of the People's Republic of Bangladesh;<br>(b) "medical practice" includes [* * *] surgical operation, conduction of labor, pathological or radiological examination and any other medical examination or service;<br>(c) "prescribed" means prescribed by rules made under this Ordinance; | ২। সংজ্ঞা বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই আইনে-<br><br>(১) 'অপরাধ' অর্থ ধারা ২৫ বা অন্য কোনো ধারার লঙ্ঘন বা লঙ্ঘনে সহযোগিতা বা প্ররোচনা বা প্রতিপালন না করা বা প্ররোচনায় সহযোগিতা;<br><br>(২) 'অবহেলা' অর্থ স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সেবা গ্রহীতার যথাযথ সেবা প্রদান না করা যাহা তাহার পক্ষে বাস্তব অবস্থায় ও মানবিকভাবে পালন করা সম্ভব; | In 2023 Draft version Govt Definition is newly added which is HSD, MOHFW however in 1982 it was defined as "Director-General" [Director-General of Health Services, Government of the People's Republic of Bangladesh] |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| (d) “private clinic” means a clinic, hospital, or nursing home, by whatever name is called, owned by any person other than the Government, where patients are admitted and kept for treatment;<br>(e) “private laboratory” means a laboratory or clinic, whatever the name called, owned by any person other than the Government, where tests, investigations, or examinations, including X-rays and electrocardiograms, are held for diagnosis or clinical purposes; | (৩) ‘আদালত’ অর্থ ধারা ২৩(২) এবং ২৪(২)-এ বর্ণিত আদালত;<br><br>(৪) ‘কর্মস্থল’ অর্থ সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানকারীর প্রশাসনিকভাবে নির্ধারিত অধিক্ষেত্র;<br><br>(৫) ‘কোম্পানি’ অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ বর্ণিত কোম্পানি; | In 2023 draft version 17) hospital definition is newly added whereas in 1982 ordinance this point was defined in both 2 (d) (e) separately. |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| (f) "recognized additional medical qualification" means any medical qualification included in the Third Schedule to the Medical and Dental Council Act, 1980 (XVI of 1980);<br>(g) "registered medical practitioner" means a person registered or provisionally registered as such under the Medical and Dental Council Act, 1980 (XVI of 1980);<br>(h) "Schedule" means a Schedule to this Ordinance. | (৬) 'চিকিৎসক' অর্থ 'বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর অধীনে নিবন্ধিত স্বীকৃত মেডিকেল এবং ডেন্টাল চিকিৎসক;<br><br>(৭) 'চিকিৎসা সহায়তাকারী' অর্থ নিবন্ধিত চিকিৎসকের তত্ত্বাবধানে চিকিৎসা সেবা ও আনুষঙ্গিক বিষয়ে সহায়তা প্রদানকারী ব্যক্তি;<br><br>(৮) 'ব্যক্তিগত চেম্বার' অর্থ চিকিৎসা সেবা বা ব্যবস্থাপত্র প্রদানের জন্য ব্যবহৃত বেসরকারি স্থান; | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | (৯) 'তথ্য' অর্থ স্বাস্থ্য সেবা গ্রহীতার চিকিৎসা সংক্রান্ত তথ্য;<br><br>(১০) 'দণ্ড' অর্থ এই আইনের ২২ ও ২৫ ধারায় বর্ণিত দণ্ড;<br><br>(১১) 'নমুনা' অর্থ রোগ পরীক্ষা-নিরীক্ষার জন্য ব্যবহৃত রক্ত, মলমূত্র, থুতু, মানবদেহের অংশবিশেষ এবং চিকিৎসা সেবায় ব্যবহৃত অন্য কোনো নমুনা;<br><br>(১২) 'নার্স' অর্থ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৮ নং আইন) এর অধীনে নিবন্ধিত নার্স; | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | ১৩) ‘পেশাগত নৈতিকতা (Professional Ethics)’ অর্থ সংশ্লিষ্ট পেশার সংবিধিবদ্ধ সংস্থা ও আন্তর্জাতিক সনদসমূহ দ্বারা নির্ধারিত অবশ্য পালনীয় বিষয়াদি;<br><br>(১৪) ‘বেসরকারি চিকিৎসা অনুশীলন (Private Medical Practice)’ অর্থ সরকারের পূর্বানুমোদনক্রমে বেসরকারি মালিকানায় স্থাপিত হাসপাতাল বা ব্যক্তিগত চেম্বারে আগত রোগীকে শল্য চিকিৎসা, প্রসূতি সেবা, প্যাথলজিক্যাল ও রেডিওলজিক্যাল পরীক্ষা এবং অন্যান্য সকল চিকিৎসা সেবাসহ পরামর্শ সেবা;<br><br>(১৫) ‘বিধি অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি; | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | (১৬) 'বেসরকারি চিকিৎসা সেবা' অর্থ সরকারি বা কোনো সংবিধিবদ্ধ সংস্থা ব্যতীত কোনো স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা স্বাস্থ্য সেবা প্রদান সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা চিকিৎসা সেবা সহায়তা প্রতিষ্ঠান এবং কোম্পানির মালিকানাধীন বেসরকারি চিকিৎসা সেবা প্রতিষ্ঠান কর্তৃক অর্থের বিনিময়ে অথবা বিনামূল্যে প্রদত্ত শল্য চিকিৎসা, প্রসূতি সেবা, প্যাথলজিক্যাল ও রেডিওলজিক্যাল পরীক্ষা এবং অন্যান্য চিকিৎসা সেবাসহ পরামর্শ সেবা; | Designated person is not clearly defined in medical practice for example, physiotherapy, dental practice (Not BDS). If it is not clearly defined it may create confusion with 16 & 18 (draft 2023) |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| (d) “private clinic” means a clinic, hospital, or nursing home, by whatever name is called, owned by any person other than the Government, where patients are admitted and kept for treatment;<br>(e) “private laboratory” means a laboratory or clinic, whatever the name called, owned by any person other than the Government, where tests, investigations, or examinations, including X-rays and electrocardiograms, are held for diagnosis or clinical purposes; | (১৭) ‘হাসপাতাল’ অর্থ চিকিৎসা সেবা প্রদানের উদ্দেশ্যে স্থাপিত কোনো সরকারি বা সরকার কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, নার্সিং হোম, মেডিক্যাল সেন্টার, মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতাল, মেডিক্যাল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান ডেন্টাল কলেজ হাসপাতাল, চিকিৎসা সহযোগী প্রতিষ্ঠান ও ডায়ালাইসিস সেন্টার, অ্যাম্বুলেটরি ডে-কেয়ার, কেমোথেরাপি সেন্টার বা বিশেষায়িত সেবা উহা যে নামেই অভিহিত হউক না কেন; | In 2023 draft version 17) hospital definition is newly added whereas in 1982 ordinance this point was defined in both 2 (d) (e) separetly. |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| **Prohibition of private medical practice**<br>**During office hours**<br>4. No registered medical practitioner in the service of the Republic shall carry on private medical practice during office hours.<br>**Maintenance of Chambers**<br>5. Every registered medical practitioner carrying on private medical practice shall maintain a chamber in a hygienically sound condition with necessary facilities for the examination of patients and a room for the waiting of patients and their attendants. | (১৮) 'চিকিৎসা সেবা সহায়তা (Service Associated Auxiliary Services)' প্রতিষ্ঠান অর্থ প্যাথলজিক্যাল ল্যাবরেটরি, ডায়াগনস্টিক সেন্টার, ইমেজিং সেন্টার, ব্লাড ব্যাংক, প্লাজমা ব্যাংক, মেডিক্যাল চেকআপ সেন্টার, ডেন্টাল চেকআপ সেন্টার ইত্যাদি উহা যে নামেই অভিহিত হউক না কেন;<br><br>(১৯) 'ব্যবস্থাপত্র' অর্থ কোনো রোগীকে চিকিৎসক প্রদত্ত সেবা প্রদান সম্পর্কিত পরামর্শপত্র; | Designated person is not clearly defined in medical practice for example, physiotherapy, dental practice (Not BDS). If it is not clearly defined it may create confusion with 16 & 18 (draft 2023) |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| **Maintenance of registers, etc.**<br>6. (1) Every registered medical practitioner carrying on private medical practice and every private clinic and private laboratory shall maintain a register showing the names and addresses of the patients.<br>(2) Every registered medical practitioner carrying on private medical practice and every private clinic and private laboratory shall issue receipts in printed form for the charges and fees realized from the patients and preserve the counterfoils of such receipts for inspection. | (২০) 'মিডওয়াইফ' অর্থ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৮ নং আইন) এর অধীনে নিবন্ধিত মিডওয়াইফ;<br>(২১) 'মেডিক্যাল অ্যাসিসটেন্ট' অর্থ স্বাস্থ্য অধিদপ্তর অনুমোদিত কারিকুলামের অধীনে কিংবা সরকার অনুমোদিত বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিষ্ঠানের মেডিক্যাল কারিকুলামের অধীনে মেডিক্যাল অ্যাসিসটেন্ট সনদধারী ব্যক্তি;<br>(২২) 'রোগী' অর্থ চিকিৎসকের নিকট চিকিৎসা সেবা প্রাপ্তির লক্ষ্যে আগত সেবা গ্রহীতা;<br>(২৩) 'লাইসেন্স' অর্থ এই আইনের ধারা-৫ এর অধীনে প্রদত্ত লাইসেন্স;<br>(২৪) 'লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ' অর্থ সরকার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ; | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| **<u>Display of charges and fees</u>**<br>7. Every registered medical practitioner carrying on private medical Practice and every private clinic and private laboratory shall be prominently displayed in the chamber, clinic, or laboratory, as the case may be a list of charges and fees that may be [demanded by him or it.] | (২৫) 'সম্পত্তি' অর্থ কোনো স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের স্বত্বমূলে মালিকানাধীন বা আইনসংগতভাবে দখলাধীন বা নিয়ন্ত্রণাধীন কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি;<br><br>(২৬) 'সংস্থা' অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২(১) উপ-অনুচ্ছেদে বর্ণিত সংবিধিবদ্ধ সংস্থাসহ এইরূপ কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান যাহা সুনির্দিষ্ট আইন দ্বারা অর্পিত ক্ষমতাবলে পরিচালিত হয়;<br><br>(২৭) 'স্বাস্থ্য সেবা' অর্থ রোগীর রোগ নিরাময়ের লক্ষ্যে চিকিৎসক কর্তৃক প্রদত্ত সকল ধরনের সেবা;<br>(২৮) 'স্বাস্থ্য সেবা গ্রহীতা' অর্থ স্বাস্থ্য সেবা গ্রহণের জন্য চিকিৎসকের শরণাপন্ন ব্যক্তি; | |


| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| **<u>License to establish a private clinic</u>**<br>8. No person shall establish a private clinic without a license under this Ordinance. | (২৯) 'স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি' অর্থ উপযুক্ত কর্তৃপক্ষের অধীনে নিবন্ধিত স্বীকৃত মেডিক্যাল এবং ডেন্টাল চিকিৎসক, মেডিক্যাল অ্যাসিসটেন্ট, নার্স, মিডওয়াইফ, প্রশিক্ষণরত মেডিকেল নার্স ছাত্র-ছাত্রী, চিকিৎসা সহায়তাকারী অথবা স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবায় নিয়োজিত ব্যক্তি;<br><br>(৩০) 'ক্ষতি' অর্থ রোগী কিংবা স্বাস্থ্য সেবা প্রদানকারীর শারীরিক, মানসিক, কর্ম ক্ষমতা বা আর্থিক ক্ষতি;<br><br>(৩১) 'সরকার' বলতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে বুঝাইবে। | In 2023 Draft version Govt Definition is newly added which is HSD, MOHFW however in 1982 it was defined as "Director-General" [Director-General of Health Services, Government of the People's Republic of Bangladesh] |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| **Conditions for license**<br>9. No license for establishing a private clinic shall be issued unless the following conditions are fulfilled, namely:-<br>(a) there is proper accommodation with a hygienic environment for the patients;<br>(b) there are at least eighty square feet of floor space for each patient;<br>(c) there is an air-conditioned operation theatre;<br>(d) there are such essential equipment as specified in Schedule B; | **৩। আইনের প্রাধান্য আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।** | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| (e) there are adequate supply of life-saving and essential medicines;<br>(f) there are such a number of full-time registered medical practitioners, nurses, and other staff as specified in Schedule C;<br>(g) there are specialists for the operation, treatment, and supervision of patient | | ১৯৮২ তে সুনির্দিষ্ট ছিল (শিডিউল সি), কিন্তু ২০২৩ এ সুনির্দিষ্ট নেই। ১৯৮২ এর ফরম্যাট আপডেট করা প্রয়োজন। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | **৪। <u>বেসরকারি হাসপাতাল স্থাপন</u>**<br>(১) সরকার প্রদত্ত লাইসেন্স (Licence) গ্রহণ সাপেক্ষে বেসরকারি হাসপাতাল স্থাপন করা যাইবে তবে প্রযোজ্য ক্ষেত্রে উক্ত ক্ষমতা অধীনস্থ দপ্তর প্রধানের উপর ন্যস্ত করা যাইবে;<br><br>(২) বেসরকারি হাসপাতাল স্থাপনের লাইসেন্স প্রদান, নবায়ন, উহার শ্রেণি ও মান নির্ধারণ বিধি দ্বারা নিয়ন্ত্রিত হইবে; | Point 4 mentioned only Establishment of private hospital in draft 2023, however this is bit confusing as in the definition there is no private hospital rather it only mentioned “Hospital”. In 1982 Act there was definition of private clinic. 2023 draft mentioned a private hospital or clinic can be established after getting the license howver in 1982 it was more clearly stated and this statement can be like “A private hospital or clinic can go functional after getting the license agaist its exciting infrastructure”.<br><br>**প্রথিতযশা চিকিৎসকবৃন্দের সুপারিশ )**<br>**বেসরকারি হাসপাতাল স্থাপন**<br>(১) সরকার প্রদত্ত লাইসেন্স (Licence) গ্রহণ সাপেক্ষে বেসরকারি হাসপাতাল স্থাপন করা যাইবে তবে উক্ত ক্ষমতা অধীনস্থ দপ্তর প্রধানের উপর ন্যস্ত করা থাকিবে। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | **৫। <u>লাইসেন্স প্রদান ও ফি নির্ধারণ</u>**<br>(১) সরকার বিধি দ্বারা নিয়ন্ত্রিত পদ্ধতিতে বেসরকারি হাসপাতাল স্থাপনের লাইসেন্স প্রদান করিবে;<br>তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানের ক্ষেত্রে আবেদনকারী প্রত্যেক হাসপাতালে অবস্থান উপযোগী রোগীর স্বাস্থ্যকর পরিবেশ, রোগী প্রতি ন্যূনতম ১০০ (একশত) বর্গফুট জায়গা, শীতাতপ নিয়ন্ত্রিত অস্ত্রোপচার কক্ষ, বিধিতে উল্লিখিত অত্যাবশ্যকীয় মেডিকেল যন্ত্রপাতি, পর্যাপ্ত জীবন রক্ষাকারী ঔষধপত্র, আধুনিক চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা, নির্দিষ্ট সংখ্যক স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি এবং রোগীর চিকিৎসা তদারকি ও শল্য চিকিৎসার জন্য পর্যাপ্ত সংখ্যক বিশেষজ্ঞ শল্য চিকিৎসকসহ অন্যান্য বিশেষজ্ঞ চিকিৎসক থাকিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে স্বাভাবিক প্রসবের ব্যবস্থা থাকিতে হইবে।<br>(২) সরকার, সময় সময় গেজেট প্রজ্ঞাপন দ্বারা, বেসরকারি হাসপাতাল স্থাপনের লক্ষ্যে লাইসেন্স প্রদান এবং নবায়ন ফিস নির্ধারণ করিতে পারিবে; | ১৯৮২ তে সুনির্দিষ্ট ছিল (শিডিউল সি), কিন্তু ২০২৩ এ সুনির্দিষ্ট নেই। ১৯৮২ এর ফরম্যাট আপডেট করা প্রয়োজন। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | **৬। পরিদর্শন, প্রবেশ ও জব্দ করার ক্ষমতা**<br>(১) সরকার বা তৎকর্তৃক নিযুক্ত কোনো কর্মকর্তা বা কমিটি কোনো হাসপাতালে যেকোনো সময়ে প্রবেশ, পরিদর্শন, রেজিস্টার ও চিকিৎসা সেবাসংক্রান্ত যন্ত্রপাতি বা নমুনা বা কাগজপত্র পরীক্ষা এবং উহার উদ্‌ধৃতাংশ জব্দ করিতে পারিবে;<br>তবে শর্ত থাকে যে রেজিস্টার বা কাগজপত্রের উদ্‌ধৃতাংশ কোনো রোগীর রোগসংক্রান্ত হইলে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট রোগী বা তাহার আইনসংগত অভিভাবকের অনুমতি ব্যতীত জনসমক্ষে প্রকাশ করা যাইবে না;<br>(২) উপধারা (১)-এ বর্ণিত পরিদর্শনে এই আইনের বিধান লঙ্ঘিত হইয়াছে মর্মে প্রতীয়মান হইলে সরকার-<br>(ক) নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শর্ত পূরণের বা প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে এবং উক্ত হাসপাতাল পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বা স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি উহা পালনে বাধ্য থাকিবে; | In 1982 ordinance, there was a directive in section-11. It can be more specified in draft law [as example below, section-7]<br><br>রেজিস্টার্ড নং ডি এ-১<br>বাংলাদেশ গেজেট<br>অতিরিক্ত সংখ্যা<br>কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত<br>বুধবার, সেপ্টেম্বর ৭, ২০২২<br>বাংলাদেশ জাতীয় সংসদ<br>ঢাকা, ২৩ ভাদ্র, ১৪২৯/০৭ সেপ্টেম্বর, ২০২২<br>সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৩ ভাদ্র, ১৪২৯ মোতাবেক ০৭ সেপ্টেম্বর, ২০২২ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—<br>২০২২ সনের ১৬ নং আইন<br>দেশে মেডিকেল ও ডেন্টাল শিক্ষার প্রসার, দক্ষ ও যোগ্য চিকিৎসক তৈরি, চিকিৎসা সেবার মান এবং সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপন এবং পরিচালনা সংক্রান্ত বিষয়সহ আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধানকল্পে প্রণীত আইন<br>**প্রথিতযশা চিকিৎসকবৃন্দের সুপারিশ )**<br>লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| ( | (খ) সংশ্লিষ্ট বেসরকারি হাসপাতাল প্রদত্ত সেবা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকারক বা মানসম্মত না হইলে এবং এই আইন, বিধি বা তদধীন প্রদত্ত নির্দেশ বা লাইসেন্সের শর্তাবলি ভঙ্গের প্রকৃতি যদি এইরূপ হয় যে, উক্ত বেসরকারি হাসপাতালকে কারণ দর্শানোর সুযোগ প্রদান করা সমীচীন নহে, তৎক্ষেত্রে জনস্বার্থে উক্ত প্রতিষ্ঠানের লাইসেন্স স্থগিতপূর্বক তাৎক্ষণিকভাবে উহা বন্ধ করিয়া দিতে পারিবে এবং<br>(গ) নিবন্ধিত স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর তাহার নিবন্ধন বাতিল করিবার সুপারিশ লিখিতভাবে প্রেরণ করিবে।<br>[ব্যাখ্যা- এই ধারায় “নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষ” বলিতে চিকিৎসকের ক্ষেত্রে বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল এবং নার্সের ক্ষেত্রে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কে বুঝাইবে।] | **প্রথিতযশা চিকিৎসকবৃন্দের সুপারিশ )**<br>বিরুদ্ধে ব্যাবস্থা গ্রহণের সুপারিশ |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | ৭। **লাইসেন্স (Licence) বাতিল**<br>(১) কোনো বেসরকারি হাসপাতাল এই আইন, বিধি বা তদধীন প্রদত্ত নির্দেশ বা লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গ করিলে উক্ত প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল হইবে;<br><br>(২) উপধারা ৭(১) অনুযায়ী কার্যক্রম গ্রহণের পূর্বে লাইসেন্স গ্রহণকারীকে আত্মপক্ষ সমর্থনের জন্য ১৫ (পনেরো) দিবসের সময় প্রদান করিতে হইবে- তবে শর্ত থাকে যে লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উপযুক্ত বিবেচিত হইলে আরও ১৫ (পনেরো) দিবস সময় বৃদ্ধি করা যাইবে এবং<br><br>(৩) উপধারা ৭(১) অনুযায়ী লাইসেন্স বাতিল হইলে উক্ত সময়ে চিকিৎসাধীন রোগীকে সংশ্লিষ্ট বেসরকারি হাসপাতাল পরিচালনা কর্তৃপক্ষ অনতিবিলম্বে উপযুক্ত চিকিৎসা সেবা সুবিধা সংবলিত অন্য কোনো হাসপাতালে স্বীয় দায়িত্বে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করিবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | **৮। আপিল ও পুনর্বিবেচনা**<br>(১) ধারা ৬ এবং ৭ অনুযায়ী প্রদত্ত আদেশে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হইলে, উক্ত আদেশ জারির ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে সরকারের নিকট আপিল করিতে পারিবে;<br><br>(২) সরকার আপীল আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে উহা নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করিবে;<br><br>(৩) উপধারা ৮(২) এ প্রদত্ত আপীল আদেশের বিষয়ে ১৫ (পনেরো) দিবসের মধ্যে সরকারের নিকট পুনর্বিবেচনার আবেদন করা যাইবে; এবং<br><br>(৪) আপিল বা পুনর্বিবেচনার বিষয়ে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।. | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | ৯। বর্জ্য ব্যবস্থাপনা, সেবার মান ও যথার্থতা পরিবীক্ষণ ও মূল্যায়ন।সরকারি ও বেসরকারি হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনা, সেবার মান ও প্রদত্ত সেবার যথার্থতা পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হইবে। | There is an existing rules – “Medical Waste (Management and Processing) Rules, 2008”<br><br>রেজিস্টার্ড নং ডি এ-১<br>বাংলাদেশ গেজেট<br>অতিরিক্ত গেজেট<br>কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত<br>মঙ্গলবার, নভেম্বর ৫, ২০০৮<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>পরিবেশ ও বন মন্ত্রণালয়<br>প্রজ্ঞাপন<br>ঢাকা, ১৮ই কার্তিক, ১৪১৫ বঙ্গাব্দ/২রা নভেম্বর, ২০০৮ খ্রিস্টাব্দ<br>এস, আর, ও নং ২৯৪-আইন/২০০৮।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—<br><br>**প্রথিতযশা চিকিৎসকবৃন্দের সুপারিশ**<br>বর্জ্য ব্যবস্থাপনা, সেবার মান ও যথার্থতা পরিবীক্ষণ ও মূল্যায়ন হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনা, সেবার মান ও প্রদত্ত সেবার যথার্থতা পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হইবে। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| **Application for license**<br>10. (1) Any person intending to establish a private clinic shall apply in the prescribed form to the Director-General for a license.<br>(2) The owner of a private clinic already in existence shall, on or before the 30th of June 1982, apply in the prescribed form to the Director-General for a license.<br>(3) The Director-General may, on receipt of an application under sub-section (1) or (2), make such inquiries as he considers necessary and shall grant the application if he is satisfied that the conditions for running a clinic as mentioned in section 9 have been fulfilled, or, by order, reject it, if he is not so satisfied. | **১০। বেসরকারি হাসপাতাল বা চিকিৎসা সেবা সহায়তা প্রতিষ্ঠানে সেবা প্রদানের শর্ত**<br>(১) সরকারি বা কোনো সংবিধিবদ্ধ সংস্থায় চাকরিরত বা স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি<br>(২) নির্ধারিত অফিস সময়ে, ক্লিনিক্যাল বা প্যারাক্লিনিক্যাল প্রশিক্ষণ বা সেবা প্রদানের সময়ে বা পালাক্রমিক দাপ্তরিক দায়িত্ব (Roster Duty) পালনের সময়ে কোনো বেসরকারি হাসপাতাল, চিকিৎসা সেবা সহায়তা প্রতিষ্ঠান কিংবা ব্যক্তিগত চেম্বারে চিকিৎসা সেবা প্রদান করিতে পারিবেন না;<br>(৩) উপধারা ১০(১)-এ বর্ণিত সময় ব্যতীত ও ছুটির দিনে স্ব স্ব কর্মস্থলের জেলার বাহিরে বেসরকারি হাসপাতালে বা ব্যক্তিগত চেম্বারে ফিস গ্রহণপূর্বক সেবা প্রদানের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন প্রয়োজন হইবে;<br>তবে শর্ত থাকে যে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ জনস্বার্থে যেকোনো সময় উক্ত অনুমতি স্থগিত বা বাতিল করিতে পারিবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| (4) If the Director-General grants the application, he shall issue, in the prescribed form, a license to the applicant.<br>(5) A private clinic already in existence shall close down after the 30th of June 1982 unless an application for a license has been made under sub-section (2).<br>(6) Where an application for a license made under sub-section (2) is rejected, the clinic shall close down after the expiry of thirty days from the date of receipt of the order of such rejection, and if an appeal against such order is preferred, under section 12, and such<br>If an appeal is rejected, the clinic shall close down on the date of receipt of the order of such rejection. | (৪) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্তরূপ কোনো ব্যক্তিকে অফিস সময়ে বেসরকারি হাসপাতালে সেবা প্রদানের জন্য নিয়োজিত করিতে পারিবে না। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| **Charges and fees in private clinics**<br>[3. The maximum charges and fees that may be demanded in a private clinic or private laboratory for surgical operations, conduction of labor, electrocardiogram, pathological or radiological examinations, and other medical examinations or<br>services, as the case may be, shall be such as are specified in Schedule 'A':<br>Provided that these charges and fees shall not apply in the case of patients who are not Bangladeshi.]<br><br>( | **১১। চিকিৎসা সেবা চার্জ বা মূল্য বা ফি নির্ধারণ**<br>(১) সরকার সময় সময় গেজেট প্রজ্ঞাপন দ্বারা, সরকারি ও বেসরকারি হাসপাতাল প্রদত্ত সেবা, চিকিৎসকের ফি এবং রোগ পরীক্ষা-নিরীক্ষার চার্জ বা মূল্য বা ফি পৃথকভাবে নির্ধারণ করিবে;<br><br>(২) চিকিৎসকের ফি বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক আদায়যোগ্য চার্জ বা মূল্য বা ফি-এর তালিকা সংশ্লিষ্ট হাসপাতাল বা চেম্বারের দৃশ্যমান স্থানে প্রদর্শন করিতে হইবে; এবং<br><br>(৩) চিকিৎসা সেবা বাবদ আদায়কৃত চার্জ বা মূল্য বা ফি-এর রশিদ সংশ্লিষ্ট সেবা গ্রহীতা বা তাহার অভিভাবক বা তাহার প্রতিনিধিকে প্রদানপূর্বক উক্ত রশিদের অনুলিপি সংরক্ষণ করিতে হইবে। | In 1982 [3] it was mentioned that Patients Who are not Bangladeshi can take medical treatment without any fees or charges. 2023[11] mentioned treatment can be obtained with or without any charge.<br><br>**প্রথিতযশা চিকিৎসকবৃন্দের সুপারিশ )**<br>চিকিৎসার ব্যয় সংক্রান্ত (প্রযোজ্য ক্ষেত্রে কনসালটেন্সী ফি সহ মূল্য ) লাইসেন্স প্রদানকারী বা তদুর্ধ কতৃপক্ষ সময়োপযোগী জিও জারি করবে। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| 11.(2) If, on such inspection, it is found that the registered medical practitioner or the owner of the clinic or laboratory has contravened or failed to comply with any provision of this Ordinance, the Director-General may-<br>(a) in the case of a registered medical practitioner, recommended to the Government to debar him from carrying on private medical practice;<br>(b) in the case of a clinic, by order, cancel the license in respect thereof:<br>Provided that no such licence shall be cancelled unless the owner of the clinic has been given an opportunity of showing cause against such cancellation;<br>(c) in the case of a laboratory, recommend to the Government to close down the laboratory. | **১২। <u>ব্যক্তিগত চেম্বারে বেসরকারি চিকিৎসা অনুশীলন</u>**<br>(১) ব্যক্তিগত চেম্বারে বেসরকারি চিকিৎসা অনুশীলনের ক্ষেত্রে সেবা গ্রহীতাদের জন্য মানসম্মত বসার স্থান থাকিতে হইবে;<br><br>(২) রোগী পরীক্ষার জন্য ন্যূনতম চিকিৎসা সরঞ্জাম থাকিতে হইবে, যাহা বিধি দ্বারা নির্ধারিত হইবে;<br><br>(৩) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) স্বীকৃত বা অনুমোদিত ডিপ্লোমা বা ডিগ্রি ব্যতীত অন্য কোনো যোগ্যতার বিবরণ সাইনবোর্ড, নামফলক, ভিজিটিং কার্ডে বা ব্যবস্থাপত্রে উল্লেখ করা যাইবে না; | |


| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| (3) If, upon consideration of a recommendation made under subsection (2), the Government decides to take the action recommended, it may, by order,-<br>(a) in the case of a registered medical practitioner, debar him from carrying on private medical practice for such period as it may specify;<br>(b) in the case of a laboratory, close it down:<br>Provided that no such action shall be taken unless the registered. A medical practitioner or, as the case may be, the owner of the the laboratory has been given an opportunity of showing cause against such action. | (৪) স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তির ব্যবস্থাপত্র ও ভিজিটিং কার্ডে সংশ্লিষ্ট নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নিবন্ধন নম্বর লিপিবদ্ধ থাকিতে হইবে;<br>(৫) সেবা গ্রহীতার রোগ পরীক্ষার ক্ষেত্রে আবশ্যিকভাবে জেন্ডার বিবেচনায় একজন সহায়তাকারীর উপস্থিতি নিশ্চিত করিতে হইবে; তবে জরুরি চিকিৎসার ক্ষেত্রে যৌক্তিক পরিস্থিতিতে এই আবশ্যকতা শিথিলযোগ্য হইবে;<br>(৬) উপধারা ১১(১) এর বিধান অনুযায়ী নির্ধারিত পরীক্ষা-নিরীক্ষার চার্জ বা মূল্য পরীক্ষা-নিরীক্ষা সংশ্লিষ্ট কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তৃতীয় পক্ষের সহিত অংশীদারিত্বের ভিত্তিতে গ্রহণ বা প্রদান করা যাইবে না এবং<br>(৭) ব্যক্তিগত চেম্বারে বেসরকারি চিকিৎসা অনুশীলন সংক্রান্ত অন্যান্য বিষয়াদি এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হইবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| **Penalty**<br>13. (1) If any registered medical practitioner or any owner of a private laboratory contravenes any provision of this Ordinance, he shall be punishable with a fine which may extend to five thousand Taka, and the Court, while convicting such owner, may order forfeiture to the Government of all or any of the movable property in the laboratory. | ১৩। **রোগী বা রোগীর অনুসঙ্গীকে (Attendant) চিকিৎসা সম্পর্কে অবহিতকরণ ও তথ্য প্রদান**<br>চিকিৎসায় রোগী বা রোগীর অনুমতিক্রমে Informed Consent অনুসঙ্গীকে প্রয়োজনীয় ও বিকল্প চিকিৎসা, চিকিৎসাকালীন পরীক্ষা-নিরীক্ষা, ঔষধের গুরুত্বপূর্ণ পার্শ্ব-প্রতিক্রিয়া, চিকিৎসা পদ্ধতি, অস্ত্রোপচারে জটিলতার সম্ভাব্য সময় ও চিকিৎসা সম্পর্কিত খাতওয়ারি ব্যয় সম্পর্কে সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি অবহিত করিবেন। | |
| | ১৪। **জরুরি স্বাস্থ্য সেবা (Emergency Life Saving) প্রদান**<br>(১) লাইসেন্স প্রাপ্ত প্রত্যেক হাসপাতালে ন্যূনতম জরুরি স্বাস্থ্য সেবা প্রদানের প্রয়োজনীয় সুবিধা সংবলিত জরুরী বিভাগ থাকিতে হইবে এবং<br>(২) উপধারা ১৪(১)-এ বর্ণিত জরুরি সেবাসমূহ এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হইবে। | খসড়া তে Universal Health Coverage সুনিশ্চিত হয়েছে (খসড়া - ১৪, ১৫, ১৬) যা ১৯৮২ তে অনুপস্থিত ছিল। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| (2) If any owner of a private clinic contravenes any provision of this The ordinance, he shall be punishable with imprisonment for a term which may extend to six months, or with fine, which may extend to five thousand Taka, or with both, and the Court, while convicting such owner may order the forfeiture to the Government of all or any of the movable property in the clinic. | **১৫। <u>মুক্তিযোদ্ধাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা সেবা প্রদান</u>**<br>(১) বেসরকারি হাসপাতালসমূহ মুক্তিযোদ্ধা রোগীর সম্মানার্থে শতকরা ২ ভাগ শয্যা বিনামূল্যে সংরক্ষণপূর্বক হ্রাসকৃত মূল্যে পরীক্ষা-নিরীক্ষা এবং অন্যান্য চিকিৎসা সংশ্লিষ্ট সেবা প্রদান করিবে; এবং<br><br>(২) এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উপধারা ১৫(১)-এর বিধান কার্যকর হইবে। | খসড়া তে Universal Health Coverage সুনিশ্চিত হয়েছে (খসড়া - ১৪, ১৫, ১৬) যা ১৯৮২ তে অনুপস্থিত ছিল। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | **১৬। <u>দরিদ্র ও প্রতিবন্ধী রোগীদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা সেবা প্রদান</u>**<br>(১) বেসরকারি হাসপাতাল সমূহ দরিদ্র রোগীদের জন্য শতকরা ৩ ভাগ শয্যা এবং প্রতিবন্ধী রোগীদের জন্য শতকরা ১ ভাগ শয্যা বিনামূল্যে সংরক্ষণপুর্বক হ্রাসকৃত মূল্যে পরীক্ষা-নিরীক্ষা এবং অন্যান্য চিকিৎসা সংশ্লিষ্ট সেবা প্রদান করিবে; এবং<br><br>(২) এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উপধারা ১৬(১)-এর বিধান কার্যকর হইবে। | খসড়া তে Universal Health Coverage সুনিশ্চিত হয়েছে (খসড়া - ১৪, ১৫, ১৬) যা ১৯৮২ তে অনুপস্থিত ছিল। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | **১৭। রেজিস্টার সংরক্ষণ**<br>(১) প্রত্যেক হাসপাতাল বিধি দ্বারা নিয়ন্ত্রিত পদ্ধতি অনুসরণপূর্বক রোগীর সেবা প্রদানসংক্রান্ত তথ্য সংবলিত ডিজিটাল রেজিস্টার সংরক্ষণ করিবে;<br>(২) এই আইনের ধারা ১৫ এবং ১৬ এর বিধান অনুযায়ী প্রদত্ত সেবার বিবরণ সংবলিত পৃথক রেজিষ্টার সংরক্ষণ করিতে হইবে;<br>(৩) সংরক্ষিত রেজিস্টারসমূহ গোপনীয় দলিল হিসাবে গণ্য হইবে এবং উক্ত রেজিস্টারে লিপিবদ্ধ তথ্য চাহিদা অনুযায়ী লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বা উপযুক্ত আদালতকে সরবরাহ করিতে হইবে এবং<br>(৪) উপধারা ১৭(৩)-এর বিধান সত্ত্বেও প্রত্যেক হাসপাতাল, সংরক্ষিত রেজিস্টারের তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষকে বিধিতে উল্লিখিত ছক পূরণপূর্বক নিয়মিত স্বাস্থ্য তথ্য ও উপাত্ত (Routine Health Information & Data) প্রদান করিবে। | |

<table>
<tr><th>Ordinance, 1982</th><th>স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া)</th><th>COMMENTS</th></tr>
<tr><td></td><td><u>১৮। স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তির পেশাগত নৈতিকতা, আচরণ ও দায়িত্ব</u><br>স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি কর্তৃক রোগীর প্রতি পালনীয় পেশাগত নৈতিকতা (Professional Ethics), আচরণ ও দায়িত্ব স্ব-স্ব পেশার নিবন্ধনকারী প্রতিষ্ঠান কিংবা নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক নির্ধারিত হইবে।</td><td>Here “authorized health professional” is not clearly mentioned and this law may follow the following -<br><br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>স্বাস্থ্য সেবা বিভাগ<br><u>বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ শাখা</u><br>তারিখঃ ২৩ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ আগষ্ট, ২০১৮ খ্রিষ্টাব্দ<br>স্মারক নং ৪৫.১৬২.১১৬.০০.০০.০২৭.১৮-৪২৫<br><u>বিদেশি বিশেষজ্ঞ ডাক্তার / বিশেষায়িত নার্স আগমণ সংক্রান্ত নীতিমালা-২০১৮</u><br>আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকার ‘বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স আগমন/নিয়োগ সংক্রান্ত নীতিমালা, ২০০৯’ সংশোধনক্রমে ‘বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগ সংক্রান্ত নীতিমালা, ২০১৮’ প্রণয়ন করলেন :<br>১। শিরোনাম :<br>এ নীতিমালা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত বেসরকারি হাসপাতাল/ক্লিনিকে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স আগমন/নিয়োগের নিমিত্ত ‘বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০১৮’ নামে অভিহিত হবে এবং তা অবিলম্বে কার্যকর হবে।</td></tr>
</table>

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | ১৯। **আইন শৃঙ্খলা রক্ষায় তথ্য প্রদান**<br>(১) সন্দেহজনক মৃত্যু, আত্মহত্যা, বিষ প্রয়োগ, বেআইনি গর্ভপাত, অগ্নিদগ্ধ হওয়া, দুর্ঘটনাজনিত ক্ষতি, লাঞ্ছিত বা প্রহৃত হওয়ায় ক্ষতি, অন্যের দ্বারা যে-কোনও ধরনের আঘাতজনিত ক্ষতি ইত্যাদি ক্ষেত্রে কোনো হাসপাতালে আগত রোগী পরীক্ষান্তে সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তির নিকট উক্ত ঘটনা বা ক্ষতি কোনোরূপ অপরাধ হইতে উদ্‌ভূত প্রতীয়মান হইলে উক্ত হাসপাতাল যে থানার অধিক্ষেত্রে অবস্থিত উহার অফিসার-ইন-চার্জ-কে সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি বা হাসপাতাল কর্তৃক লিখিতভাবে অবহিত করিতে হইবে;<br><br>(২) এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উপধারা ১৯(১)- এর বিধান কার্যকর হইবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | ২০। **বিদেশী স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি কর্তৃক সেবা প্রদান**<br>(১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বিনামূল্যে বা অর্থের বিনিময়ে চিকিৎসা সেবা প্রদানের উদ্দেশ্যে কোনো হাসপাতালে স্বল্প ও দীর্ঘমেয়াদে বিদেশি স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তিকে নিয়োগ করা যাইবে; এবং<br>(২) উপধারা (১) অনুযায়ী অনুমতিপ্রাপ্ত বিদেশি স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তির ক্ষেত্রেও এ আইন প্রযোজ্য হইবে।<br>২১। **বিদেশি অর্থায়নে হাসপাতাল স্থাপনের অনুমতি প্রদান**<br>২(১) সরকারের পূর্বানুমতি গ্রহণসাপেক্ষে বৈদেশিক বিনিয়োগসংক্রান্ত বিদ্যমান সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করত: সম্পূর্ণ বা অংশীদারিত্বের ভিত্তিতে বিদেশী অর্থায়নে হাসপাতাল স্থাপন করা যাইবে; এবং<br>(২) উপধারা ২১(১)-এর কার্যকারিতা এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হইবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| **<u>Charges and fees in private clinics</u>**<br>[3. The maximum charges and fees that may be demanded in a private clinic or private laboratory for surgical operations, conduction of labor, electrocardiogram, pathological or radiological examinations, and other medical examinations or services, as the case may be, shall be such as are specified in Schedule 'A':<br>Provided that these charges and fees shall not apply in the case of patients who are not Bangladeshis.] | **২২। <u>কোম্পানি কর্তৃক অপরাধ সংঘটন</u>**<br>(১) কোন কোম্পানির মালিকানাধীন বা অনুরূপ সংস্থার অধীন বা অংশীদারিত্বের ভিত্তিতে পরিচালিত হাসপাতাল কর্তৃক এই আইনের বিধানাবলি লঙ্ঘিত হইলে উহার প্রধান নির্বাহী বা ব্যবস্থাপনা পরিচালক বা প্রত্যেক পরিচালক বা সংশ্লিষ্ট ব্যক্তি, তিনি যে নামেই অভিহিত হউন না কেন, বিধানটি লঙ্ঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে সক্ষম হন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে এবং উহা রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন; এবং<br><br>(২) ২২ (১) ধারার আওতায় পরিচালিত কোনো হাসপাতাল কর্তৃক এই আইনের অধীন কোনো অপরাধ সংঘটিত হইলে উহার লাইসেন্স বাতিল করা যাইবে এবং সংশ্লিষ্ট অপরাধ দন্ডবিধি ১৮৬০ (Act No. XLV of 1860) এর বিধান অনুযায়ী দণ্ডযোগ্য হইবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| **Cognizance**<br>14. No Court shall take cognizance of an offense under this Ordinance except on a complaint in writing made by the Director General or an officer authorized by him in this behalf. | **২৩। অপরাধ বিচারার্থে গ্রহণ, আমলযোগ্যতা এবং আপোসযোগ্যতা**<br>(১) এই আইনের বিধান লঙঘনজনিত অপরাধসমূহের তদন্ত ও বিচার কার্যক্রম প্রচলিত আইনের আওতায় পরিচালিত হইবে; তবে শর্ত থাকে যে চিকিৎসা প্রদানসংক্রান্ত (Treatment Related) অভিযোগ আদালতে আনীত হইলে উক্ত আদালত সংশ্লিষ্ট বিষয়ের দুইজন বিশেষজ্ঞ চিকিৎসকসহ ন্যূনতম তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির প্রতিবেদন সাপেক্ষে কোনো অভিযোগ আমলে গ্রহণ করিবে।<br><br>(২) এই আইনে বর্ণিত অপরাধসমূহ যে স্থানে সংঘটিত হইবে উক্ত স্থানের ফৌজদারি এক্তিয়ার সম্পন্ন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বা নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক বিচার্য হইবে; | ১৯৮২ তে অপরাধ বিচারার্থে "আমলযোগ্যতা" সুনির্দিষ্ট করা আছে। (১৯৮২- ১৪) খসড়াতে "প্রচলিত আইন " উল্লেখ করা আছে যা সুনির্দিষ্ট নয়। {২৫ (৭)} |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| **<u>Power to amend Schedules</u>**<br>15. The Government may, by notification in the official Gazette, amend the Schedules from time to time.<br>Power to<br>16. The Government may, by notification in the official Gazette, Make rules make rules for carrying out the purposes of this Ordinance. | (৩) নির্ধারিত স্বাস্থ্য সেবা প্রদানকারী হাসপাতাল বা চিকিৎসা সেবা সহায়তা প্রতিষ্ঠান কর্তৃক অবহেলা প্রদর্শন অপরাধ হিসেবে গণ্য হইবে এবং উক্ত অপরাধ আমলযোগ্য, জামিনযোগ্য ও আপোসযোগ্য হইবে; এবং<br><br>(৪) স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তির প্রতি হুমকি প্রদান, ভীতিপ্রদর্শন, দায়িত্ব পালনে বাধাদান, আঘাত করাসহ যে-কোনো ধরনের অনিষ্ট সাধন বা স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কোনো সম্পত্তির ক্ষতি সাধন, বিনষ্ট, ধ্বংস বা উক্তরূপ সম্পত্তি স্বীয় দখলে গ্রহণ অপরাধ হিসেবে গণ্য হইবে এবং উক্ত অপরাধ আমলযোগ্য, জামিনযোগ্য ও আপোসযোগ্য হইবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | **২৪। মোবাইল কোর্টের ক্ষমতা**<br>(১) এই আইনের অন্যান্য বিধানে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, সরকার, এই আইনের বিধান লঙ্ঘন বিষয়ে মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর অধীন প্রতিষ্ঠিত<br><br>এক বা একাধিক মোবাইল কোর্টকে ক্ষমতা অর্পন করিতে পারিবে।<br>(২) উপ-ধারা (১) এর অধীন ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে, মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর বিধানাবলী প্রযোজ্য হইবে। | **প্রথিতযশা চিকিৎসকবৃন্দের সুপারিশ**<br>মোবাইল কোর্ট উহ্য করে নিম্নলিখিত ধারা সংযোজন করার অনুরোধ<br><br>**২৪।** স্বাস্থ্য সেবাপ্রদানকারী ব্যাক্তির গ্রেফতার ও আটক<br>এই আইন বা দন্ডবিধি ১৮৬০ এর অধীনে অভিযুক্ত কোন স্বাস্থ্যপ্রদানকারী ব্যাক্তির বিরুদ্ধে যথাযথ এখতিয়ারভুক্ত আদালত কতৃক অভিযোগ আমলে গ্রহণ সাপেক্ষে ও কেবলমাত্র উক্ত আদালতের নির্দেশের প্রেক্ষিতে অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করা যাইবে। |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | **২৫।** **<u>অপরাধ ও দণ্ড</u>**<br>(১) এই আইনের ধারা ৪ (১) এ উল্লিখিত বেসরকারি হাসপাতাল স্থাপনের কোন বিধান লঙঘন করিলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান ন্যূনতম ৩ (তিন) লক্ষ টাকা অর্থদণ্ড বা ২ (দুই) বৎসর কারাদন্ডে বা উভয় দণ্ডে দন্ডিত হইবে;<br>(২) স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তির প্রতি হুমকি প্রদান, ভীতিপ্রদর্শন, দায়িত্ব পালনে বাধাদান, আঘাত করাসহ যে-কোনো ধরনের অনিষ্ট সাধন বা স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কোনো সম্পত্তির ক্ষতি সাধন, বিনষ্ট, ধ্বংস বা<br>(৩) সরকার বা তৎকর্তৃক নিযুক্ত কোনো কর্মকর্তা বা এই আইন বলে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কমিটিকে কোনো হাসপাতালে পরিদর্শন, প্রবেশ, তল্লাশি ও জব্দ করার কার্যক্রমে বাধা প্রদান করিলে, উক্ত প্রতিষ্ঠান পরিচালনাকারী অনধিক ৩(তিন) লক্ষ টাকা অর্থদন্ড বা ১(এক) বছর কারাদন্ড বা উভয় দণ্ডে দন্ডিত হইবে। | For 25 "<u>অপরাধ ও দণ্ড</u>" section – it is not clearly defined for any crime where licence cancellation may be applicable.<br><br>১৯৮২ সালের অধ্যাদেশে অপরাধ সূনির্দিষ্ট নয়। খশড়াতে অপরাধ সূনির্দিষ্ট করা হয়েছে। |

<table>
<tr><th>Ordinance, 1982</th><th>স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া)</th><th>COMMENTS</th></tr>
<tr><td></td><td>(৪) সরকারি বা কোন সংবিধিবদ্ধ সংস্থায় চাকুরীরত স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি নির্ধারিত অফিস সময়ে বা পালাক্রমিক দাপ্তরিক দায়িত্ব (Roster Duty) পালনের সময়ে কোনো বেসরকারি হাসপাতালে বা ব্যক্তিগত চেম্বারে চিকিৎসা সেবা প্রদান করিলে অনধিক ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ডে দন্ডিত হইবে;<br>(৫) সরকারি বা কোন সংবিধিবদ্ধ সংস্থায় চাকুরীরত স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তিকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অফিস সময়ে বেসরকারি হাসপাতালে সেবা প্রদানের জন্য নিয়োজিত করিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডিত হইবে; ব্যক্তির ক্ষেত্রে ৩(তিন) লক্ষ টাকা অর্থদন্ড অনাদায়ে ৩(তিন) মাস বিনাশ্রম কারাদণ্ড আরোপযোগ্য হইবে;<br>(৬) লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক হাসপাতালে ন্যূনতম জরুরি স্বাস্থ্য সেবা (Emergency Life Saving) প্রদানের প্রয়োজনীয় সুবিধা সংবলিত জরুরী বিভাগ না থাকিলে উক্ত হাসপাতাল অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড অনাদায়ে হাসপাতাল কর্তৃপক্ষের উপর ৩(তিন) মাস বিনাশ্রম কারাদণ্ড আরোপযোগ্য হইবে;</td><td>There is a pre-existing law [Bangladesh Gadget SRO381/2019]<br><br>রেজিস্টার্ড নং ডি এ-১<br>বাংলাদেশ গেজেট<br>অতিরিক্ত সংখ্যা<br>কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত<br>বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৯<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>জনপ্রশাসন মন্ত্রণালয়<br>বিধি অনুবিভাগ<br>বিধি-৪ শাখা<br>প্রজ্ঞাপন<br>তারিখ : ১৭ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ<br>এস, আর, ও, নম্বর ৩৮১-আইন/২০১৯।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯, ধারা ২৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—</td></tr>
</table>

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | ৭) কোন স্বাস্থ্য সেবা প্রদানকারি ব্যক্তি ব্যক্তিগত চেম্বারে বেসরকারি চিকিৎসা অনুশীলনের ক্ষেত্রে সেবা গ্রহীতাদের জন্য ন্যূনতম বসার স্থান না রাখিলে উক্ত ব্যক্তি অনধিক ২০ (বিশ) হাজার টাকা অর্থদণ্ডে দন্ডিত হইবে;<br><br>(৮) সরকার কর্তৃক নির্ধারিত কোন চিকিৎসকের ফি, রোগ পরীক্ষা-নিরীক্ষার চার্জ বা মূল্য পরীক্ষা-নিরীক্ষা সংশ্লিষ্ট কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তৃতীয় পক্ষের সংগে অংশীদারিত্বের ভিত্তিতে গ্রহণ বা প্রদান করিলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ডে দন্ডিত হইবে; ব্যক্তির ক্ষেত্রে অনাদায়ে ১(এক) মাস বিনাশ্রম কারাদণ্ড আরোপযোগ্য হইবে; | খশড়াতে "প্রচলিত আইন " উল্লেখ করা আছে যা সূনির্দিষ্ট নয়। {২৫ (৭)}<br><br>25 (8) might conflict with the upcoming national Telemedicine guideline |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | (৯) আইনের ধারা ১১(২) এ বর্ণিত আদায়যোগ্য চার্জ বা মূল্য বা ফি এর তালিকা সংশ্লিষ্ট হাসপাতাল বা চেম্বারের দৃশ্যমান স্থানে প্রদর্শিত না হইলে, এবং<br>ধারা ১১ (৩) এ বর্ণিত আদায়কৃত চার্জ বা ফি এর রশিদ সংশ্লিষ্ট সেবা গ্রহীতা বা তাহার অভিভাবক বা তাহার প্রতিনিধির চাহিদার প্রেক্ষিতে প্রদান করা না হইলে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করা না হইলে দায়ী ব্যক্তি অনধিক ১(এক) লক্ষ টাকা অর্থদন্ড অনাদায়ে ৩০ (ত্রিশ) দিন বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত হইবে;<br><br>(১০) আইনের অন্য যে কোন ধারার লঙঘন বা লঙঘনে সহযোগিতা বা প্ররোচনা বা প্ররোচনায় সহযোগিতা বা আইনে প্রতিপালনযোগ্য বিষয়াদি প্রতিপালন না করা বা প্রতিপালন না করায় সহযোগিতা বা প্রতিপালনে বাধা দান করিলে সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিগণ অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ডে দন্ডিত হইবে এবং একই অপরাধের পুনরাবৃত্তি ঘটিলে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা আরোপযোগ্য হইবে, অনাদায়ে ৩ (তিন) মাস কারাদণ্ডে দণ্ডিত হইবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | **২৬। <u>ক্ষতিপূরণ আদায়</u>**<br>∑(১) আদালত আইনে বর্ণিত দণ্ডের অতিরিক্ত ক্ষতিপূরণ ক্ষতিগ্রস্থ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদানের আদেশ প্রদান করিতে পারিবে; এবং<br><br>(২) উক্ত ক্ষতিপূরণ আদালত নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিশোধ না করিলে ‘সরকারি দাবি আদায় আইন, ১৯১৩’ অনুযায়ী তাহা আদায়যোগ্য হইবে।<br><br>**২৭। <u>বিধি প্রণয়নের ক্ষমতা</u>**<br>সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় বিধি প্রণয়ন করিতে পারিবে। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
| --- | --- | --- |
| | **২৮। <u>রহিতকরণ ও হেফাজত</u>**<br>(১) এই আইন বলবৎ হইবার সঙ্গে সঙ্গে 'The Medical Practice and Private Clinics and Laboratories (Regulation) Ordinance, 1982' এতদ্দ্বারা রহিত হইবে;<br><br>(২) উপধারা (১)-এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীনে কৃত সকল কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং<br><br>(৩) উপধারা (১)-এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীন সূচিত কোনো কার্যক্রম এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে এমনভাবে চলমান ও অব্যাহত থাকিবে, যেন উক্ত অধ্যাদেশ রহিত হয় নাই। | |

| Ordinance, 1982 | স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া) | COMMENTS |
|---|---|---|
| | **২৯। <u>আইনের ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ</u>**<br>(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে, প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে; এবং<br><br>(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে, তবে মেডিকেল টার্মিনোলজি ব্যাখ্যার ক্ষেত্রে ইংরেজি শব্দ বা শব্দগুচ্ছ প্রাধ্যান্য পাইবে। | |

১৯৮২ অধ্যাদেশ এবং স্বাস্থ্য-সেবা ও সূরক্ষা আইন (খসড়া) তুলনামূলক পর্যালোচনার লক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত প্রথিতযশা চিকিৎসকবৃন্দ আমন্ত্রিত ছিলেন।

* অধ্যাপক ডাঃ সৈয়দ মোদাচ্ছের আলী, চেয়ারম্যান,কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট।
* অধ্যাপক ডাঃ এ বি এম আবদুল্লাহ, মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
* অধ্যাপক এম ইকবাল আর্সলান, অধ্যাপক (বায়োকেমিষ্ট্রি)
* অধ্যাপক ডাঃ মাহমুদ হাসান, সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি)
* ডাঃ রোকেয়া সুলতানা, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ।
* ডাঃ এহতেশামুল হক চৌধুরী দুলাল, মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ)
* অধ্যাপক ডাঃ জামাল উদ্দিন চ্যেধুরী, সভাপতি, স্বধীনতা চিকিৎসক পরিষক (স্বাচিপ)
* অধ্যাপক ডাঃ কাজী দীন মোহাম্মদ, পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরে বাংলা নগর, ঢাকা।
* অধ্যাপক ডাঃ এ কে আজাদ খান, চেয়ারম্যান, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি।
* অধ্যাপক ডাঃ টিটো মিয়া,মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
* অধ্যাপক ডাঃ গোলাম মোস্তফা, পরিচালক ও অধ্যাপক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
* অধ্যাপক ডাঃ আহমেদুল কবীর, মহাসচিব, বাংলাদেশ সোসাইটি অব মেডিসিন।
* ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দীন, প্রেসিডিয়াম সদস্য, বাংলাদেশ আওয়ামী লীগ।
* অধ্যাপক ডাঃ মোঃ সানোয়ার হোসেন, সিনিয়র কনসালটেন্ট, জেনারেল সার্জারী এবং পরিচালক, মেডিকেল সার্ভিসেস, স্কয়ার হাসপাতাল লিমিটেড।
* অধ্যাপক ডাঃ মোহাম্মদ সহিদুল্লাহ, সভাপতি, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস এন্ড সার্জনস (বিসিপিএস)
* অধ্যাপক ডাঃ মোঃ নূর হোসেন ভূইয়া, মহাসচিব, সোসাইটি অব সার্জনস।
* অধ্যাপক ডাঃ ফেরদৌসি বেগম, ওজিএসবি।
* অধ্যাপক ডাঃ মোঃ জাহিদ হোসেইন, সভাপতি, বিপিএ।
* অধ্যাপক ডাঃ খন্দকার আবদুল আওয়াল রিজভী,মহাসচিব, জাতীয় নির্বাহী কাউন্সিল, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন।
* অধ্যাপক ডাঃ সালেহা বেগম চৌধুরী, সহসভাপতি, ঢাকা বিভাগ, ওজিএসবি।
* অধ্যাপক ডাঃ কামরুল হাসান মিলন, মহাসচিব, স্বধীনতা চিকিৎসক পরিষক (স্বাচিপ)
* অধ্যাপক ডাঃ ফাতেমা রহমান, সায়েন্টিফি সেক্রেটারী, ওজিএসবি।
* অধ্যাপক ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম, পরিচালক, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিযট।

| | | |
|---|---|---|
| সভার মতামতের ভিত্তিতে সংযুক্ত তুলনামূলক পর্যালোচনা প্রেরিত হলো ঃ-<br><br>সংযুক্তি ঃ উপস্থিতির তালিকা | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
ইমেইল dg@ld.dghs.gov.bd

বিষয়ঃ "স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন, ২০২৩ (খসড়া)" বিষয়ক

**স্থানঃ বড় সম্মেলন কক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা**
**তারিখঃ ০৪/০৭/২০২৩ খ্রিঃ, সময়ঃ ১১:০০ ঘটিকা।**

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম, পদবী ও মোবাইল নং | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | অধ্যাপক ডা: আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও সভাপতি, SOSB | DGHS | [signature] |
| ২ | ডা: এ, বি, এম, আব্দুল্লাহ | বি, এস, এম, এম, ইউ. | [signature] |
| ৩ | অধ্যাপক সৈয়দ মোদাচ্ছের আলী | BMRC Chairman CBHC Trust. | [signature] |
| ৪ | ডাঃ [illegible] | BCPS | [signature] |
| ৫ | মাহমুদুল হাসান | BMDC | [signature] |
| ৬ | ডা: মো: জামাল উদ্দিন চৌধুরী সভাপতি, | স্বাচিপ | [signature] |
| ৭ | ডা: মো: টিটো মিঞা সভাপতি | Bangladesh Society of Medicine | [signature] |
| ৮ | অধ্যাপক আহমেদুল কবীর (সাধারণ সম্পাদক) | DGHS | [signature] |
| ৯ | মোহাম্মদ সাহিদুল্লাহ | BCPS President | [signature] |

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম, পদবী ও মোবাইল নং | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| 10 | মো. ইকবাল আরসালান<br>0171300044<br>iqbalarslan@yahoo.com | | [signature] |
| 11 | অধ্যাঃ খন্দকার আব্দুল আওয়াল (রিজভী)<br>০১৭১১ ৫৬৫৩২০<br>Kawal@dhaka.net | National Heart Foundation | [signature] |
| 12 | Prof. Dr. Md. Jahangir Alam<br>Secretary general/<br>Bangladesh paediatric Association | Bangladesh Shishu Hospital & Institute | [signature] |
| 13 | Prof. Dr. Kamrul Hasan (Milon)<br>GS. SWACHP. 01713379984<br>ProfKamrul cts@Gmail.com. | NICVD | [signature] |
| 14 | Dr. Parimal Kumar Paul<br>D. Director (Law)<br>01711-248445 | DGHS | [signature] |
| 15 | Barrister Tirtha Salil Pal<br>Legal Adiser to DGHS<br>01743-932261 | DGHS | [signature] |
| 16 | Prof Md. Nur Hossain Bhuy.<br>Secretary general<br>SUSB | SUSB | [signature] |
| 17 | Prof. [illegible] | [illegible] NCNS | [signature] |
| 18 | Prof. Dr. Mohd. Zahid Hussain | BPA | [signature] |
| 19 | Prof. Dr. Ferdousi Begum,<br>'President'<br>01819223221 | OGSB | [signature] |
| 20 | Prof. Saleha Begum Chowdhury<br>vice president<br>01819-220380 | OGSB | [signature] |

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম, পদবী ও মোবাইল নং | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| 21 | অধ্যাপক আবুল বাশার মোঃ খুরশীদ আলম<br>প্রাক্তন: মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>[illegible], বিএসএমএমইউ | বিএসএমএমইউ | [signature] |
| 22 | অধ্যাপক ডা: সালেহা রহমান,<br>অধ্যাপক, গাইনী ঢাকা মেডিকেল কলেজ<br>সাধারণ সম্পাদক, OGSB | OGSB | [signature] |
| 23 | Sheikh Daoud Adnan<br>Director Incharge<br>Hosp & Clinics | DGHS | [signature] |
| 24 | Md. Omar Faruk, SFRO,<br>01872-325678 | icddr,b | O. faruk |
| 25 | Dr. Mahmudul Hassan<br>Study Physician | icddr,b<br>01675703111 | [signature] |
| 26 | Dr Abu Syed Mohammed<br>Imtiaz Hossain. AD-Cord | DGHS. | [signature] |
| 27 | Md. Azzad ali Sheikh<br>PRO to DG Health<br>DGHS. | DGHS. | [signature] |
| 28 | Prof. Dr. Shah Golam Nabi<br>Director, IPHN | DGHS | [signature] |
| 29 | Prof DR MIJANUR RAHMAN<br>Line director -NNS | DGHS | [signature] |
| | | | |